গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় প্রাথমিক শিক্ষা কার্যালয়
ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
dpe.mymensinghdiv.gov.bd

**জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২৩ বাস্তবায়ন সংক্রান্ত বিভাগ পর্যায়ের পেনডিং সভার কার্যবিবরণী**

সভাপতি : মোহাম্মদ রকিব উদ্দিন, বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ ।
তারিখ : ১৫/১২/২০২২
সময় : সকাল ১০:৩০ ঘটিকা
সভা : ভার্চুয়াল

**Meeting ID : 7882723993**
**Password : ddm123**

**আলোচ্য বিষয়:**

১. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে পেনডিং বিষয়ে করণীয় (২য় ত্রৈমাসিক) সম্পর্কিত আলোচনা;
২. জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত আলোচনা;
৩ বিবিধ;

ডিসেম্বর মাস বাঙালির বিজয়ের মাস। হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ স্বাধীনতা সংগ্রামে সকল বীর মুক্তিযোদ্ধা ও শহিদদের প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করে বিভাগীয় উপপরিচালক সভার কার্যক্রম শুরু করেন। তিনি সকলকে যথাসময়ে সভায় সংযুক্ত হওয়ার জন্য ধন্যবাদ জানিয়ে আলোচ্যসূচী অনুসারে জনাব মো: শফিকুল ইসলাম, শিক্ষা অফিসার, উপপরিচালকের কার্যালয়-কে আলোচনার জন্য নির্দেশনা প্রদান করেন। বিভাগের সকল জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও পিটিআই সুপারিনটেনডেন্ট, প্রত্যেক জেলার নির্বাচিত উপজেলা শিক্ষা অফিসার ও ইউআরসি ইন্সট্রাক্টর স্ব-স্ব জেলা ও উপজেলা কার্যালয়ের কার্যক্রম তুলে ধরেন। সভার আলোচনা ও সিদ্ধান্ত সমূহ নিম্নরূপঃ

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০১ | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে পেনডিং বিষয়ে করণীয় (২য় ত্রৈমাসিক) সম্পর্কিত আলোচনা | বিভাগীয় প্রাথমিক শিক্ষার সকল পর্যায়ে সুশাসন প্রতিষ্ঠার লক্ষ্যে কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত কার্যক্রমগুলো যৌথভাবে বাস্তবায়ন করার আহ্বান জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ২০২২-২০২৩ সংক্রান্ত আঞ্চলিক বা মাঠ পর্যায়ের কর্মপরিকল্পনাসহ জাতীয় শুদ্ধাচারের কৌশলের পটভূমি সভায় উপস্থাপন করা হয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অংশ হিসেবে শুদ্ধাচার কর্মপরিকল্পনার ৩.৫ এ বিভাগের পেনডিং কাজের মনিটরিং সভা (ভার্চুয়াল) ২য় ত্রৈমাসিকের আয়োজনের নির্দেশনা থাকায় জেলা ও উপজেলা পর্যায়ে নিয়মিত সভা করার বিষয়ে নির্দেশনা দেওয়া হয়।<br>সভায় জেলা ও উপজেলা পর্যায়ে শুদ্ধাচার সংক্রান্ত কার্যক্রমগুলোর বিগত ত্রৈমাসিকের অগ্রগতি পর্যালোচনা করা হয়। সভায় জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ও সুপারিনটেনডেন্টগণ জানান তাঁদের নিজ নিজ অধিক্ষেত্রে শুদ্ধাচার সম্পর্কিত যাবতীয় কার্যক্রম তাঁরা নির্দিষ্ট সময়সূচির মধ্যে বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করেছেন এবং ২য় ত্রৈমাসিকের অন্তর্ভূক্ত কার্যক্রমগুলো ইতোমধ্যেই সম্পন্ন করেছেন।<br>সভাপতি প্রত্যেক পর্যায়ে শুদ্ধাচার সংক্রান্ত পেনডিং সভা করে অগ্রগতি যথাযথ কর্তৃপক্ষের নিকট প্রেরণ পূর্বক তা নিজ নিজ ওয়েব সাইটে আপলোড করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ১। বিভাগের আওতাধীন মাঠ পর্যায়ের প্রত্যেক কার্যালয়ের শুদ্ধাচার কর্মপরিকল্পনার ত্রৈমাসিকভিত্তিক কার্যক্রমগুলো সর্বোচ্চ গুরুত্ব দিয়ে যথাসময়ে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। প্রত্যেক পর্যায়ে শুদ্ধাচার সংক্রান্ত পেনডিং সভা করে অগ্রগতির প্রেরণসহ তা নিজ নিজ ওয়েব সাইটে আপলোড করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>**বাস্তবায়নকারী:** জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং পিটিআই সুপারিনটেনডেন্ট। |

| ক্রমিক | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ০২ | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও প্রতিবেদন প্রেরণ সংক্রান্ত আলোচনা | বিভাগের প্রতিটি দপ্তরে শুদ্ধাচার চর্চা নিশ্চিতের জন্য এর বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন প্রতি ৩ মাস অন্তর নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়। এছাড়াও প্রত্যেক প্রান্তিকে কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রম গুলো যথাসময়ে বাস্তবায়ন পূর্বক এর অগ্রগতির প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষ বরাবরে প্রেরণের গুরুত্বারোপ করেন। | বিভাগের প্রতিটি দপ্তরে শুদ্ধাচার চর্চা নিশ্চিতের জন্য এ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রতি ৩ মাস অন্তর অধিক্ষেত্র মোতাবেক প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নকারী:** জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং পিটিআই সুপারিনটেনডেন্ট। |
| ০৩ | বিবিধ | বিবিধ বিষয় আলোচনায় সভাপতি জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং পিটিআই সুপারিনটেনডেন্টগণকে তাঁদের আওতাধীন সকল অফিস,প্রতিষ্ঠান ও বিদ্যালয় সমূহে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রেরিত নির্দেশনার আলোকে যথাযোগ্য মর্যাদায় ১৬ ডিসেম্বর মহান স্বাধীনতা দিবস উদযাপন করার নির্দেশনা প্রদান করেন।<br>সভাপতি জানান আগামী ৩০ ডিসেম্বর সারাদেশে একযোগে প্রাথমিক বৃত্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। উক্ত পরীক্ষায় ডি.আর. প্রস্তুত, নির্ধারিত সফটওয়্যারে এন্ট্রিকরণ, কেন্দ্র নির্বাচন, কেন্দ্রভিত্তিক অন্যান্য সকল প্রস্তুতিসহ যাবতীয় কার্যক্রম পরিকল্পনা মোতাবেক যথাযথভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্টদের অনুরোধ জানান। এছাড়াও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক বরাবরের মত ১ জানুয়ারী ২০২৩ বই উৎসব পালনের নির্দেশনা প্রদান করেন। | কর্মপরিকল্পনা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>**বাস্তবায়নকারী:** জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এবং পিটিআই সুপারিনটেনডেন্ট। |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্তি ঘোষণা করেন।

১৫/১২/২০২২

(মোহাম্মদ রকিব উদ্দিন)
বিভাগীয় উপপরিচালক
প্রাথমিক শিক্ষা,ময়মনসিংহ বিভাগ
ময়মনসিংহ।
02-997710283
ddpmymen@gmail.com

স্মারক নং: ৩৮.৪৫.০০০০.০০০.৯৯.০৫৪.১৯.১১০৭

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৯
১৫ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২,মিরপুর, ঢাকা-১২১৬।
২। পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২,মিরপুর, ঢাকা-১২১৬।
৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৪। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। উপজেলা শিক্ষা অফিসার (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৬। ইউআরসি ইন্সট্রাক্টর (সকল), ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৭। সংরক্ষণ নথি।